দৈনিক ইত্তেফাক

তারিখ 12 JUL 1996
পৃষ্ঠা ১২ কলাম ৮

# শিক্ষক সমিতি ফেডারেশনের ১৪-দফা বাস্তবায়নের আহ্বান

ইত্তেফাক রিপোর্ট ॥ বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশন গতকাল (বৃহস্পতিবার) জাতীয় প্রেসক্লাবে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে বে-সরকারী স্কুল ও কলেজ শিক্ষক-

(১০ম পৃ: ৫-এর ক: দ্র:)

## শিক্ষক সমিতি ফেডারেশন

(শেষ পৃ: পর)

দের মূল বেতনের ১০০ ভাগ প্রদান, ছাত্র সংখ্যা অনুপাতে শিক্ষা প্রতিষ্ঠান ওয়ারী সরকারী অর্থ বরাদ্দ, সরকারী বে-সরকারী স্কুল ও কলেজ শিক্ষকদের প্রথম শ্রেণীর গেজেটেড মর্যাদা প্রদান-সহ ১৪ দফা দাবী বাস্তবায়নের জন্য সরকারের প্রতি আহবান জানাইয়াছে। সাংবাদিক সম্মেলনে জাতীয় ঐকমত্যের ভিত্তিতে একটি নূতন শিক্ষানীতি প্রণয়নে উদ্যোগী হওয়ার জন্যও সরকারের প্রতি আহ্বান জানান হয়। লিখিত বক্তব্য পাঠ করেন ফেডারেশনের মহাসচিব অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ। লিখিত বক্তব্যে বলা হয়, ১৯৯২ ও ১৯৯৪ সালের শিক্ষক আন্দোলনে শেখ হাসিনা ঘোষণা করিয়াছিলেন যে, তাহার দল ক্ষমতায় গেলে শিক্ষকদের দাবী আদায়ের জন্য আর রাজপথে নামিতে হইবে না।

এখনকার প্রধানমন্ত্রী শেখ হাসিনা সেই প্রতিশ্রুতি বাস্তবায়নে আগাইয়া আসিবেন ইহাই আমাদের প্রত্যাশা। বক্তব্যে এস এস সি পরীক্ষায় কোড না লেখার কারণে পরীক্ষার্থীদের চূড়ান্ত শাস্তি না দিয়া ক্ষমাসুন্দর দৃষ্টিতে সমগ্র বিষয়টি বিবেচনার জন্য সরকারের প্রতি অনুরোধ জানান হয়। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন, ফেডারেশনের চেয়ারম্যান শেখ আমানুল্লাহ, শিক্ষক নেতা অধ্যক্ষ জহিরুল ইসলাম, অধ্যাপক আলী আকবর খান ডলার, মোঃ শহীদুল্লাহ, অধ্যাপক রওশন আরা মান্নান প্রমুখ।